উপজেলা পরিষদ
গোয়াইনঘাট, সিলেট
gowainghat.sylhet.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

৫ম উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট এর ৩৯ **(উনচল্লিশ)** তম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোহাম্মদ ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট। |
| তারিখ | : ০৯ জুন ২০২২ খ্রি. |
| সময় | : বেলা ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন, গোয়াইনঘাট |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : পরিশিষ্ট- ক |
| সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা | : পরিশিষ্ট- খ |

সভাপতি সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন। সভার কার্যপত্র মোতাবেক এবং উপস্থিত সদস্যগণের আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং পাঠ শেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন। | বিগত সভার কার্যবিবরণীতে কোনোরুপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান |
| ০৩ | কমিটির সুপারিশ সমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | সভায় স্থায়ী কমিটি হতে প্রাপ্ত সুপারিশসমূহ বিস্তারিতভাবে পর্যালোচনা পূর্বক সুপারিশসমূহ যুক্তিযুক্ত হওয়ায় তা বাস্তবায়নে উপস্থিত সকলে একমত পোষণ করেন। ১৭টি স্থায়ী কমিটির সভা নিয়মিতভাবে আহ্বান পূর্বক সুপারিশ সমূহ সভায় উপস্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবগণকে অনুরোধ করা হয়। | স্থায়ী কমিটির সভাসমূহ বিধিমোতাবেক আয়োজন পূর্বক প্রয়োজনীয় সুপারিশ সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিব |
| ০৪ | নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন | (ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান এর মে/২০২২ খ্রি. মাসের ১০,৮১২/- টাকার ভ্রমণ ব্যয়, ভাইস চেয়ারম্যানের ৬৫০০/- টাকার ভ্রমণ ব্যয় এবং মহিলা ভাইস চেয়ারম্যান এর ৬৫০০/- টাকার ভ্রমণ ব্যয় ও ভ্রমণ বিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(খ) মাসিক সভা ও অন্যান্য সভার আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- টাকা এবং অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় বাবদ- ৫,০০০/- টাকার বিল ভাউচার অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(গ) উপজেলা পরিষদের ব্যবহৃত জীপ গাড়ি নং- সিলেট ঘ-১১-০২৩৪ এর এপ্রিল/২২ ও মে/২২ মাসের নিয়মিত জ্বালানী বিল পরিশোধের নিমিত্ত ভ্যাট ও আইটিসহ মোট ৪৬,২৭৯/- টাকার বিল ভাউচার অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(ঘ) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট এর ব্যবহৃত টেলিফোন বিল বাবদ মে/২০২১ হতে এপ্রিল/২০২২ পর্যন্ত ১১(এগার) মাসের ৫,৮৯৫/- (পাঁচ হাজার আটশত পঁচানব্বই) টাকার বিল সভায় উস্থাপন করা হয়। | উপস্থাপিত ভ্রমণ বিবরণী অনুসারে ভ্রমণ ব্যয়, জ্বালানী বিল, আপ্যায়ন বিল, টেলিফোন বিল ও অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | বিবিধ | (ক) উপজেলা প্রকৌশলী সভায় বলেন, সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ রাস্তা ও কালভার্ট দ্রুত মেরামত পূর্বক যোগাযোগ ব্যবস্থা সচল রাখার লক্ষ্যে নির্দেশনা মোতাবেক রাস্তাগুলি জরুরী মেরামত করা হয়েছে। তিনি আরও জানান, অনেক রাস্তা বেশি ক্ষতিগ্রস্থ হওয়ায় এগুলি আপাতত চলার উপযোগি করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, পশ্চিম জাফলং আশ্রয়ণ প্রকল্প ও কুপার বাজারের আগুনে ক্ষতিগ্রস্থদের মধ্যে বিভিন্ন সময়ে আর্থিক সহায়তা উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে প্রদান করা হয়েছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ এ বিষয়ে বলেন, গত সভার আলোচনার প্রেক্ষিতে উক্ত রাস্তার মেরামত কাজের ব্যয় নির্বাহে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা যেতে পারে। | (ক) বন্যায় ক্ষতিগ্রস্থ রাস্তা মেরামত বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | (খ) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, বিআরডিবির আওতায় উপজেলা কমপ্লেক্সে ৩টি বাসাবাড়ি হতে প্রাপ্ত বাড়ি ভাড়া বাবদ উপজেলা রাজস্ব তহবিলে জমাকৃত অর্থ হতে ইতোপূর্বে ১০লক্ষ টাকার মধ্যে পর্যায়েক্রমে ৭(সাত) লক্ষ টাকা পরিশোধ করা হয়। বিআরডিবির সংশ্লিষ্ট ভবন মেরামত কাজ বাবদ বর্তমানে ঠিকাদারি প্রতিষ্ঠানের পাওয়া রয়েছে প্রায় ৪(চার) লক্ষ টাকা। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জমাকৃত অবশিষ্ট ৩(তিন) লক্ষ টাকা পরিশোধ করা হলে ঠিকাদারি প্রতিষ্ঠানের পাওনা শোধ করা সম্ভব হবে। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, বিআরডিবি ভবনে বসবাসরত সরকারী কর্মকর্তা-কর্মচারীগণের বাড়ি ভাড়া এখনো উপজেলা রাজস্ব তহবিলে জমা করা হচ্ছে। এ বিষয়ে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, বিধি মোতাবেক উপজেলা রাজস্ব তহবিলে জমাকৃত অর্থ প্রতি অর্থ বছরের শেষাংশে বিআরডিবি ভবন সংশ্লিষ্ট হিসাবে স্থানান্তর করার নির্দেশনা রয়েছে। | (ক) বিআরডিবির আওতাধীন ৩টি ভবনের ভাড়া বাবদ রাজস্ব তহবিলে জমাকৃত বকেয়া অর্থ বাবদ অবশিষ্ট ৩(তিন) লক্ষ্য টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | (গ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদ কমপ্লেক্সের ১৪২৮-১৪২৯ বাংলা সনের ভূমি উন্নয়ন কর বাবদ ৩১,৩২৯/- (একত্রিশ হাজার তিনশত উনত্রিশ) টাকার চাহিদা পাওয়া গেছে। তিনি উক্ত ভূমি উন্নয়ন কর উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের লক্ষ্যে সভায় প্রস্তাব করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ এ বিষয়ে বলেন, চাহিদাকৃত ভূমি উন্নয়ন কর পরিশোধ করা জরুরী। একইসাথে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ২০২১-২২ অর্থ বছরের ২% ভূমি উন্নয়ন করের অর্থ যথাসময়ে যাতে জমা করা হয় সেবিষয়টি নিশ্চিত করা দরকার। | (গ) ১৪২৮-১৪২৯ বাংলা সনের ভূমি উন্নয়ন কর বাবদ ৩১,৩২৯/- (একত্রিশ হাজার তিনশত উনত্রিশ) পরিশোধের সিদ্ধান্ত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | (ঘ) উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরের এডিপি প্রকল্পের আওতায় গৃহীত "পরগনা বাজার-কালাউরা রাস্তার আব্দুল জলিলের বাড়ির সামনে কালভার্ট কাজ স্থানগত সমস্যায় বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে এবং "উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বেড, ম্যাটস, বালিশ ও চাদর সরবরাহ'' কাজের ক্ষেত্রে কিছু আইটেম কমিয়ে অন্যান্য চাহিদাকৃত মালামাল সরবরাহের লক্ষ্যে হাসপাতাল কর্তৃপক্ষ আবেদন জানিয়েছে। তিনি উপরিউক্ত স্কিমের পরিবর্তে "আহারকান্দি বীরমঙ্গল হাওর স্কুল রাস্তায় আমবাড়ী গ্রামের কুটিন মিয়ার বাড়ীর সামনা হতে আমবাড়ী ইসরাখালি বাড়ি পর্যন্ত ইট সলিং" স্কিম গ্রহণ এবং হাসপাতালের মালামাল সরবরাহ কাজের প্রাক্কলন সংশোধনের প্রস্তাব করেন। | (ঘ) ২০২১-২২ অর্থ বছরের এডিপি প্রকল্পের প্রস্তাবিত সংশোধিত স্কিম অনুমোদন ও প্রাক্কলন প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| | | (ঙ) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান, সারাদেশের ন্যায় একসাথে গোয়াইনঘাট উপজেলায় চলবে। তিনি বলেন, এ ক্যাম্পেইন উপলক্ষ্যে প্রস্তুতি সভা সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে অদ্য বিকাল ৩.০০ ঘটিকার সময় অনুষ্ঠিত হবে। তিনি উপস্থিত চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষন করে বলেন, ভিটামিন 'এ' ক্যাপসুল ক্যাম্পেইন সফলভাবে উদযাপনে এবং ৫-১৫ বছর বয়সী সকলের অংশগ্রহণ নিশ্চিতকরণে আপনাদের সহযোগিতা জরুরী। | (ঙ) আগামী ১৫-১৯ জুন ২০২২ পর্যন্ত ৫-১৫ বছর বয়সীদের ভিটামিন 'এ' ক্যাপসুল ক্যাম্পেইন সুষ্ঠুভাবে বাস্তবায়নে সকলের সহযোগিতার অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট সকল |
| | | (চ) সহকারী জোনাল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় বলেন, উপজেলা পরিষদ কমপ্লেক্স এর বিভিন্ন অফিস ভবন, হলরুম, বাসাবাড়িতে ২০২১-২২ অর্থ | (চ-১) উপজেলা পরিষদের আওতাধীন | উপজেলা নির্বাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বছরসহ বিগত কয়েক বছরের বকেয়া বিদ্যুৎ বিল রয়েছে। উপজেলা পরিষদের আওতাধীন চলমান মিটার সমূহে জুন/২১ হতে এপ্রিল/২২ পর্যন্ত ২,৫৮,০৫৭/- (দুই লক্ষ আটান্ন হাজার সাতান্ন) টাকা এবং উপজেলা পরিষদ কেন্দ্রিয় মিটারে এপ্রিল/২২ পর্যন্ত ৬,৪৪,৬৩৯/- (ছয় লক্ষ চুয়াল্লিশ হাজার ছয়শত উনচল্লিশ) টাকা বকেয়া রয়েছে মর্মে সভায় জানানো হয়। তিনি জানান, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-১৩১, তারিখ: ২০/০৩/২০২২ মূলে স্থানীয় সরকার প্রতিষ্ঠানে বকেয়াসহ চলমান সকল বিদ্যুৎ বিল পরিশোধ করার নির্দেশনা প্রদান করা হয়েছে এবং এ বিষয়ে বারংবার তাগিদ দেয়া হচ্ছে। তিনি আরও জানান, পূর্বের রাস্তার বাতি মিটারগুলি একত্রিকরণ করে উপজেলা কেন্দ্রিয় মিটারে অন্তর্ভূক্ত করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার আলোচনায় অংশ নিয়ে বলেন, কেন্দ্রিয় মিটারের বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে উপজেলা প্রকৌশলী কে আহ্বায়ক করে কমিটি গঠন করা হয়েছিল কিন্তু এযাবৎ পর্যন্ত কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। এ বিষয়ে সহকারী জোনাল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-২ সভায় জানান, কেন্দ্রিয় মিটারের বিষয়ে উদ্যোগ গ্রহন করা হয়েছিল কিন্তু পরবর্তীতে বিভিন্ন কারনে তা সম্পন্ন করা সম্ভব হয়নি। তিনি জানান, এ উপজেলার ন্যায় অন্যান্য উপজেলায় কেন্দ্রিয় মিটার নামে মিটার রয়েছে, যার উদ্দেশ্য হলো কমপ্লেক্সের অভ্যন্তরের মিটারের বিলের গড়মিল রোধ করা। তিনি বলেন, উপজেলা কমপ্লেক্সের অনেক বাসাবাড়িতে আলাদাভাবে পানির পাম্পের লাইন রয়েছে যেগুলি উপজেলা কেন্দ্রিয় মিটারের সাথে সংযোগ করা হয়েছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় বলেন, উপজেলা কমপ্লেক্সর কেন্দ্রিয় মিটার ও অন্যান্য মিটারের বিলের যে অসামঞ্জস্যতা রয়েছে তা সমাধান করা জরুরী। | চলমান মিটার সমূহে জুন/২১ হতে এপ্রিল/২২ পর্যন্ত ২,৫৮,০৫৭/- (দুই লক্ষ আটান্ন হাজার সাতান্ন) টাকা এবং উপজেলা পরিষদ কেন্দ্রিয় মিটারে এপ্রিল/২২ পর্যন্ত ৬,৪৪,৬৩৯/- (ছয় লক্ষ চুয়াল্লিশ হাজার ছয়শত উনচল্লিশ) টাকার মধ্যে তহবিল স্বল্পতার কারণে ২,৪৪,৬৩৯/- (দুই লক্ষ চুয়াল্লিশ হাজার ছয়শত উনচল্লিশ) টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ-২) উপজেলা কমপ্লেক্সের অভ্যন্তরে অনুনমোদিত সংযোগ বিচ্ছিন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ-৩) কেন্দ্রিয় মিটারের বিলের বিষয়টি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার<br><br>সহকারী জোনাল অফিসার সাব জোন পবিস-২<br>উপজেলা প্রকৌশলী |
| | | (ছ) উপজেলা প্রকৌশলী সভায় জানান, ২০২১-২২ অর্থ বছরে ইউনিয়ন পরিষদ খাতের আওতায় পণ্য ও সেবা বাবদ সহায়তা খাতের অর্থায়নে অত্র উপজেলাধীন ৪টি ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষণ কাজ বাস্তবায়নের লক্ষ্যে বরাদ্দ পাওয়া যায়। প্রাপ্ত বরাদ্দের আলোকে বর্ণিত ইউনিয়ন পরিষদ কমপ্লেক্সসমূহ মেরামত ও সংস্কার করণের লক্ষ্যে ০৮/২০২১-২২ নম্বর দরপত্র আহ্বান করা হয়। উক্ত দরপত্রের সিডিউল বিক্রয় বাবদ ৭৯,০০০/- (উনআশি হাজার) টাকা পাওয়া যায়, যা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে জমা করা হয়েছে। বিধি মোতাবেক সিডিউল বিক্রয় বাবদ প্রাপ্ত অর্থ হতে পত্রিকার বিল ও আনুষাঙ্গিক খরচ পরিশোধ পূর্বক অবশিষ্ট অর্থ সরকারী কোষাগারের কোড নং-১-৩৭৩১-০০০০-২৩৬৬ এ জমা প্রদানের নির্দেশনা রয়েছে। তিনি আরও বলেন, উক্ত দরপত্র বিজ্ঞপ্তি বহুল প্রচারের লক্ষ্যে ভোরের ডাক ও ডেইলি স্টার পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করা হয় এবং উক্ত পত্রিকা বিজ্ঞপ্তি বাবদ যথাক্রমে ১৮,৬৩০/- (আটার হাজার ছয়শত ত্রিশ) ও ১৬,১৯২/- (ষোল হাজার একশত বিরানব্বই) বিল প্রদান করেছে। দরপত্র সিডিউল ফটোকপি ও আনুষাঙ্গিক বাবদ মোট ৬,৯৩৬/- (ছয় হাজার নয়শত ছত্রিশ) বিল পাওয়া গেছে। তিনি বর্ণিত বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রস্তাব করেন। | (ছ) বিধি মোতাবেক পত্রিকার বিল ও আনুষাঙ্গিক বিল পরিশোধ পূর্বক অবশিষ্ট অর্থ সরকারী কোষাগারে জমাদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | (জ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, আসন্ন ঈদ-উল-আযহা ২০২২ উপলক্ষ্যে নিম্নোক্ত হাটবাজার ও স্থানে অস্থায়ী পশুর হাট স্থাপনের লক্ষ্যে আবেদন পাওয়া গেছে। তিনি জানান, অত্র উপজেলাধীন বিভিন্ন বাজারে ঈদ-উল-আযহা ২০২২ উপলক্ষ্যে অনুনমোদিত অস্থায়ী পশুর হাট স্থাপন করা হয় যা বিধিসম্মত নয়। চেয়ারম্যান, ৫নং পূর্ব আলীরগাঁও সভায় বলেন, পূর্ব আলীরগাঁও ইউনিয়নের বাঘের সড়ক বাজারের পরিবর্তে লাফনাউট বাজারে অস্থায়ী পশুর হাট স্থাপনের অনুমোদন প্রদান করা যেতে পারে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট আলোচনায় অংশ নিলে বলেন, যেসকল বাজারে অনুনমোদিতভাবে অস্থায়ী পশুর হাট স্থাপন | (জ) অস্থায়ী পশুর হাট স্থাপনের লক্ষ্যে প্রস্তাবিত বাজার/স্থান সমূহের অনুমোদনের লক্ষ্যে জেলা প্রশাসক, সিলেট বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা হয় সেগুলি বন্ধ রাখা এবং ক্ষেত্রমতে অনুমোদন প্রদানের ব্যবস্থা গ্রহণ করা জরুরী<br>ক) ৩নং পূর্ব জাফলং ইউনিয়ন কমপ্লেক্স মাঠ<br>খ) বাঘের সড়ক বাজার<br>গ) বিন্নাকান্দি বাজার<br>ঘ) তোয়াকুল স্ট্যান্ড (খালি জায়গা)<br>ঙ) হাকুর বাজার<br><br>(ঝ) উপজেলা প্রকৌশলী সভায় জানান, উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন নির্মাণের লক্ষ্যে পূর্বের পানির পাম্প অপসারিত হওয়ায় কয়েকটি বাসায় পানি সরবরাহ কার্যক্রম বন্ধ হয়ে যায়। পরবর্তীতে এসকল বাসবাড়িতে পানি সরবরাহের লক্ষ্যে ২টি ভবনের তাৎক্ষকিভাবে পানির মটর সংযোগ দেয়া হয়। চেয়ারম্যান, উপজেলা পরিষদ আলোচনায় অংশ নিয়ে বলেন, উপজেলা কমপ্লেক্সের রাস্তার অনেক বাতি না জ্বলার কারণে রাস্তাসমূহ অন্ধকার থাকে। তাছাড়া উপজেলা প্রশাসনিক ভবনের আইপিসের ব্যাটারি নষ্ট হওয়ায় বিদ্যুৎ না থাকলে অফিস কক্ষসমূহ অন্ধকার থাকে। তিনি এ সকল কাজ দ্রুত বাস্তবায়নের তাগিদ দেন।<br>ক) উপজেলা কমপ্লেক্সের ২টি ভবনে পানির মটর লাগানো বাবদ ব্যয় = ৩২৭৫০/- | (ঝ) উপজেলা কমপ্লেক্সের ৫টি বাসাবাড়িতে পানির মটর স্থাপন বাবদ ব্যয়িত ৩২৭৫০/- (বত্রিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও নিয়মিত সভায় **যথাসময়ে** উপস্থিত থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Ahmed 22/06/22

(মোহাম্মদ ফারুক আহমদ)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
গোয়াইনঘাট, সিলেট।
uzpgowainghat.sylhet@gmail.com

স্মারক নং : ০৫.৪৬.৯১৪১.০০০.৪৭.০১২.১৯.৪৪৭ তারিখ : ২২-০৬-২০২২ খ্রি.।

০০-০১। মাননীয় সংসদ সদস্য, ২৩২- সিলেট- ৪ ও মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০০-০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০০-০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০০-০৪। জেলা প্রশাসক, সিলেট।
০০-০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০০-০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
০০-০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
০৮-২২। উপজেলা ....................................................কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), গোয়াইনঘাট, সিলেট।
০০-২৩। অফিসার ইনচার্জ, গোয়াইনঘাট থানা, সিলেট।
২৪-৩৪। চেয়ারম্যান/প্রশাসক....................................... ইউ/পি (সকল), গোয়াইনঘাট, সিলেট।
৩৫-৪০। জনাব.......................................................গোয়াইনঘাট, সিলেট।

22/6/22

(তাহমিলুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
গোয়াইনঘাট, সিলেট।
ফোন- ০৮২২৮৫৬০০১